75

দৈনিক সংবাদ

তারিখ 07 AUG 1994
পৃষ্ঠা ১ কলাম ৫

# বেসরকারি প্রাথমিক শিক্ষকদের অনশন পুলিশের হামলায় কয়েকজন আহত

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল শনিবার জাতীয় প্রেসক্লাবের সামনে বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের অনশন ধর্মঘট কর্মসূচী পালনকালে পুলিশের হামলায় বেশ কয়েকজন শিক্ষক আহত হয়েছেন।

বাংলাদেশ বেসরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে চার দফা দাবিতে গতকাল সকাল ১০টা থেকে শিক্ষকরা প্রেসক্লাবের সামনে দু'দিনব্যাপী অনশন কর্মসূচীর প্রথম দিনে অনশনে বসেন। দুপুরের প্রচন্ড বৃষ্টি উপেক্ষা করে কয়েক হাজার শিক্ষক

প্রাথমিক শিক্ষক ঃ পৃঃ ১২ কঃ ৫

## প্রাথমিক শিক্ষক ঃ অনশন

( ১ম পৃষ্ঠার পর )

প্রেসক্লাবের সামনের রাস্তায় অবস্থান করতে থাকেন। এখানে শিক্ষক নেতৃবৃন্দ বলেন, আজকের মধ্যে চার দফা দাবি পূরণ করা না হলে অনির্দিষ্টকালের জন্য অনশন ধর্মঘট শুরু করা হবে।

শিক্ষকদের চার দফা দাবির মধ্যে রয়েছে সকল বেসরকারি প্রাথমিক বিদ্যালয়কে সরকারিকরণ ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষকদেরকে প্রতিমাসে ১৫শ' টাকা ভাতা প্রদান।

বিকেলে পুলিশ শিক্ষকদেরকে রাস্তা থেকে সরে যেতে বললেও শিক্ষকরা রাস্তা ছাড়েননি। এরপর পুলিশ শিক্ষক-দের ওপর লাঠিচার্জ শুরু করে। পুলিশ শিক্ষক সমাবেশে ব্যবহৃত মাইক্রো-ফোন কেড়ে নেয়। পুলিশের হামলায় বেশ কয়েকজন শিক্ষক আহত হন। এ সময় প্রেসক্লাবের সামনে কয়েকটি গাড়ি ভাঙচুর করা হয়।